

# সূচিপত্র

## ■ সম্পাদকীয়

### ■ মূল প্রবন্ধ

- ০৯ ঐক্য, সংহতি ও সংগঠন  
আল্লামা ইকবাল  
অনুবাদ : সৈয়দ আব্দুল মান্নান

### ■ বিশেষ প্রবন্ধ

- ২৬ মুসলিম সভ্যতায় শিক্ষা পদ্ধতি  
আল্লামা শিবলী নোমানী  
অনুবাদ : নূরুদ্দিন আহমেদ
- ৩৫ বর্তমান দুনিয়ার সংকট এবং ইসলাম  
মুহাম্মদ কুতুব  
অনুবাদ : আকবর হোসেন

### ■ রাজনীতি

- ৫০ বর্তমান বিশ্বব্যবস্থার মৌলিক সংকট এবং উত্তরণের উপায়  
সায়েম মুহাইমিন

### ■ অর্থনীতি

- ৬২ ভারসাম্যপূর্ণ অর্থনীতির লক্ষ্যে বাংলাদেশে প্রযুক্তিগত সমন্বয়ের আবশ্যিকতা  
ড. নূরুল আমীন

### ■ সিনেমা

- ৭৩ গল্প নিয়া সওয়াল বিস্তর  
মুহাম্মদ মাহফুজ

## উপমহাদেশ

- ৭৮ বাংলায় মুসলিম ধর্মীয় আন্দোলন  
সৈয়দ মুর্তজা আলী
- ৯৯ বখতিয়ার খিলজি যদি না আসতেন  
ফাহমিদ-উর-রহমান

## বই পর্যালোচনা

- ১০৬ শিকওয়া ও জওয়াবে শিকওয়া  
লেখক : আল্লামা ইকবাল  
পর্যালোচক : হোসাইন আহমদ

## ব্যক্তিত্ব

- ১১৩ মালেক বিন নবী; চিন্তা ও কর্মের সমন্বিত উত্তরাধিকার (দ্বিতীয় পর্ব)  
হিশাম আল নোমান

# সম্পাদকীয়

আমরা এমন এক সভ্যতায় বসবাস করছি যেখানে জ্ঞানকে শক্তি হিসেবে দেখা হয়। বলা হচ্ছে “Knowledge is Power”। শক্তিকে কেন্দ্র করে গড়ে উঠা সভ্যতায় সংঘর্ষ অনিবার্য। যার বাস্তব রূপায়ন বর্তমান বিশ্বের দিকে চোখ তুলে তাকালেই দেখতে পাই। মধ্যপ্রাচ্য, আফ্রিকা যেন আজ শক্তি প্রয়োগের অবাধ বিচরণ ভূমিতে পরিণত হয়েছে। হককে বাদ দিয়ে শক্তিকে প্রাধান্য দেওয়ার ফলে সারা বিশ্ব আজ অশান্তির দাবানলে অনিঃশেষ জ্বলছে। দারিদ্র্যতা আজ ভয়াবহ রূপ ধারণ করেছে। বর্তমান পৃথিবীর ৮০০ কোটি মানুষের প্রায় ৪০০ কোটিই দারিদ্র্যসীমার নিচে বসবাস করে! ৩০০ কোটি মানুষ রাতে না খেয়ে ঘুমাতে হয়! ২০০ কোটি মানুষ বিশুদ্ধ পানি পায় না! ২ লাখ মানুষ প্রতিদিন অনাহারে ও বিনা চিকিৎসায় মারা যাচ্ছে! ৩০০ কোটি মানুষ স্বাস্থ্যব্যবস্থা থেকে বঞ্চিত! এই মহা সংকটকে সমাধানের পরিবর্তে সংঘাতকে স্বাভাবিক রূপদান করে অনিবার্য এই সংঘাতকে বিবর্তনবাদের তত্ত্ব দিয়ে বৈধতা দেয়ার হীন প্রচেষ্টা চালান হচ্ছে এভাবে, শক্তিশালীরা টিকে থাকবে, দুর্বলরা বিলুপ্ত হবে। আর শক্তিশালী হতে হলে জ্ঞানার্জন করতে হবে! সত্যিকারার্থে, জ্ঞান কি এজন্যই অর্জন করব যেন আমরা শক্তিশালী হয়ে দুর্বলদের বিলুপ্ত করে নিজেরা টিকে থাকতে পারি! প্রকৃতপক্ষে, চিন্তার বিকৃতি ছাড়া এরূপ চিন্তা করা সম্ভব নয়। যার ফলাফল আজকের সজ্ঞাতময় বিশ্বব্যবস্থা।

প্রকৃতপক্ষে, জ্ঞান হচ্ছে হাকিকতে পৌঁছানোর মাধ্যম। হাকিকত হচ্ছে প্রকৃত সত্য। আর ওহী হচ্ছে প্রকৃত সত্যের আঁধার। ওহীকে কেন্দ্রে স্থাপন করে ন্যায়ভিত্তিক সভ্যতার বিনির্মাণ হয়েছিল। কিন্তু বর্তমানে চিন্তার বিকৃতি এতদূর বিস্তৃত হয়েছে যে, আল্লাহ প্রদত্ত সবচেয়ে বড় সম্পদ আকলের ব্যবহার সত্যকে জানার পরিবর্তে শক্তি অর্জনের মাধ্যম হিসেবে বিবেচনা করা হচ্ছে। চিন্তার এই বিকৃতি সংশোধন করে জ্ঞানকে পুনরায় হাকিকতে

পৌঁছানোর মাধ্যম করার মহান লক্ষ্যকে সামনে রেখে ত্রৈমাসিক মিহওয়ার তাঁর যাত্রা অব্যাহত রেখেছে। চিন্তার বিকৃতি দূরীকরণ, চিন্তার বিচ্ছিন্নতা ও বিক্ষিপ্ততাকে দূর করে ওহীর জ্ঞানকে কেন্দ্রে স্থাপন করে প্রতিটি চিন্তাকে তার নির্দিষ্ট কক্ষপথে ফিরিয়ে আনতেই মিহওয়ারের পথচলা।

মিহওয়ারের প্রথম এবং দ্বিতীয় সংখ্যার ন্যায় তৃতীয় সংখ্যাতেও থাকছে সময়ের সেরা আলেম ও চিন্তাবিদদের চিন্তা ও লেখনী। তৃতীয় সংখ্যায় মূল প্রবন্ধ হিসেবে থাকছে আল্লামা ইকবালের ‘ঐক্য, সংহতি ও সংগঠন’ শীর্ষক ঐতিহাসিক বক্তব্য। বিশেষ প্রবন্ধে থাকছে প্রখ্যাত ইসলামী চিন্তাবিদ মুহাম্মদ কুতুব ও উপমহাদেশের প্রখ্যাত আলেম আল্লামা শিবলী নোমানীর অনুবাদ। অর্থনীতি নিয়ে লিখেছেন প্রখ্যাত অর্থনীতি বিশেষজ্ঞ ডঃ নূরুল আমিন। রাজনীতি নিয়ে লিখেছেন তরুণ চিন্তক সায়েম মুহাইমিন।

এছাড়া সংস্কৃতিতে মুহাম্মদ মাহফুজ, বাংলাদেশ বিষয়ে সৈয়দ মুর্তাজা আলী। উপমহাদেশের ইতিহাসকে নতুন আঙ্গিকে উপস্থাপন করেছেন প্রখ্যাত লেখক ও চিন্তক ফাহমিদ-উর-রহমান। বই পর্যালোচনায় আলোচিত হয়েছে আল্লামা ইকবালের ইতিহাস, উপলব্ধি ও দার্শনিক অনুভূতি আশ্রিত কাব্যগ্রন্থ ‘শিকওয়া ও জওয়াবে শিকওয়া’। তরুণ লেখক হিশাম আল নোমানের কলমে থাকছে লেখা আলজেরিয়ার প্রখ্যাত চিন্তক, দার্শনিক ও সমাজতাত্ত্বিক মালিক বিন নবীর জীবন ও চিন্তার ধারাবাহিক আলোচনার দ্বিতীয় পর্ব।

মূল প্রবন্ধ অনুবাদ করেছেন সৈয়দ আব্দুল মান্নান। এছাড়াও অনুবাদ করেছেন শ্রদ্ধেয় নূরুদ্দীন আহমদ ও মিহওয়ারের সহ-সম্পাদক আকবর হোসেন।

বরাবরের ন্যায় এবারও সময়ের সেরা চিন্তাবিদগণের লেখনী ও তরুণ চিন্তকদের লেখনীর মেলবন্ধনের মাধ্যমে ইতিহাস ও নতুনত্বের ছোঁয়ায় উপস্থাপিত হবে ‘জ্ঞানের পুনর্জাগরণ ও নবধারার কাগজ’ মিহওয়ার এর তৃতীয় সংখ্যা।

মহান প্রভুর নিকট আমাদের চাওয়া; জ্ঞানের পুনর্জাগরণে এবং সব ধরণের চিন্তার বিকৃতি দূরীকরণের এই মহান আন্দোলনে আমাদের ক্ষুদ্র প্রচেষ্টাটুকু যেন সামান্যতম হলেও অবদান রাখতে পারে।